বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২) ৯২০৫৩২৩, ফ্যাক্স-৮৮০-০২-৯২০৫৩৩৩, ৯২০৫৩১৬
BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY
GAZIPUR-1706,BANGLADESH, TELEPHONE-(02)9205323, FAX- 880-02-9205333, 9205316 WEB- www.bsmrau.edu.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-বশেমুরকৃবি/প্র:/ই-০৫/২০১৭/১৯৩৫ তারিখ: ১৯/১১/২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত নিম্নোক্ত শিক্ষক ও কর্মকর্তা পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

নং	পদের নাম ও বেতনক্রম	বিভাগের নাম ও পদসংখ্যা
১.	অধ্যাপক (৳ ৫৬৫০০-৭৪৪০০)	প্যাথবায়োলজি-১
২.	উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (৳ ৪৩০০০-৬৯৮৫০)	পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়-১
৩.	উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) (৳ ৪৩০০০-৬৯৮৫০)	পরিকল্পনা ও উন্নয়ন উইং-১
৪.	উপ-পরিচালক (অডিট) (৳ ৪৩০০০-৬৯৮৫০)	অভ্যন্তরীন নিরীক্ষা শাখা-১
৫.	সহকারী রেজিস্ট্রার (৳ ২৯০০০-৬৩৪১০)	ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স অনুষদ ডীন কার্যালয়-১

উপরোল্লিখিত পদসমূহের জন্য আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ১৯/১২/২০১৯ বিকাল ৫ ঘটিকা

শিক্ষক ও কর্মকর্তা পদে আবেদনের পৃথক নির্ধারিত ফরম (Prescribed Form), নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (bsmrau.edu.bd) হইতে ডাউনলোড করা যাইবে।

১৯/১১/২০১৯
(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২) ৯২০৫৩২৩, ফ্যাক্স-৮৮০-০২-৯২০৫৩৩৩, ৯২০৫৩১৬
BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY
GAZIPUR-1706,BANGLADESH, TELEPHONE-(02)9205323, FAX- 880-02-9205333, 9205316 WEB- www.bsmrau.edu.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

১৯/১১/২০১৯ তারিখের বশেমুরকৃবি/প্র:/ই-০৫/২০১৭/১৯৩৫ সংখ্যক স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য ও শর্তাবলী এবং বর্ণিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

১. বশেমুরকৃবি ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত ফরমে অধ্যাপক পদের জন্য ১০ (দশ) সেট এবং কর্মকর্তা পদের জন্য ০৮ (আট) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬ এর বরাবর A^4 সাইজের কাগজে দাখিল করিতে হইবে।

২. আবেদনপত্রের সহিত- ১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; ২) নম্বরপত্র; ৩) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; ৪) ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; ৫) জাতীয় পরিচয়পত্র; ৬) সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সরকার অনুমোদিত বা স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র (যদি থাকে); ৭) অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্র (যদি থাকে) তবে, প্রতিটি পদের নিয়োগপত্র ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রদত্ত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে); ৮) প্রকাশনা রিপ্রিন্টের অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে); ইত্যাদির সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে A^4 সাইজের কাগজে সংযোজন করিতে হইবে।

৩. প্রার্থীকে সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি সত্যায়িত করতঃ মূল আবেদনপত্রের উপরে (ডানদিকে) সংযুক্ত করিতে হইবে। সকল ছবির পিছনে প্রার্থীর নাম এবং পদের নাম অবশ্যই লিখিতে হইবে।

৪. প্রার্থীকে ১০০০/-(এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (অফেরতযোগ্য) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুকূলে, সোনালী ব্যাংক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর শাখার উপর দাখিল করিতে হইবে। ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার ছাড়া কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

৫. খামের উপর অবশ্যই পদের নাম ও প্রেরকের ঠিকানা উল্লেখ করিতে হইবে। চাকুরীরত প্রার্থীদের-কে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

৬. নির্ধারিত ফরম ব্যতীত এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। নির্ধারিত তারিখ ও সময় (১৯/১২/২০১৯ বিকাল ৫ ঘটিকা) এর পর হাতে হাতে/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/অন্য কোন মাধ্যমে আসা আবেদনপত্র গ্রহণ করা হইবে না।

৭. সরকারি নিয়ম অনুযায়ী বিভিন্ন কোটা অনুসরণ করা হইবে। তবে কোটার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

৮. প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের পরীক্ষা এবং/অথবা সাক্ষাৎকারের জন্য ডাকা হইবে। ইহার জন্য কোন ভ্রমণ বা অবস্থান ভাতা দেওয়া হইবে না। পরীক্ষার তারিখ, সময় ও স্থান সংশ্লিষ্ট প্রার্থীর বর্তমান ঠিকানায় ডাকযোগে অথবা মোবাইল নম্বরে এসএমএস (SMS) মারফত/ই-মেইল ঠিকানায় পত্র মারফত জানানো হইবে।

৯. নিয়োগপ্রাপ্তদের বাসা প্রাপ্তি সাপেক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করিতে হইবে।

১০. এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।

১১. "অভিজ্ঞতা" অর্থ কোন সরকারী বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান অথবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীকাল-কে বুঝাইবে।

১২. শিক্ষকতার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে কেবলমাত্র কোন স্বীকৃত আন্তর্জাতিক মানের গবেষণা প্রতিষ্ঠানের গবেষণা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর বিষয় বিবেচনা করা হইবে।

বিজ্ঞাপিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

নং	পদের নাম ও বেতনক্রম	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে)
১.	অধ্যাপক ৳ ৫৬৫০০-৭৪৪০০/-	ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অনুষদ হইতে ন্যূনতম জিপিএ ৩.৫ সহ স্নাতক এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর অথবা স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হইতে সমমানের জিপিএ বা প্রথম শ্রেণীসহ সমমানের ডিগ্রি; খ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি বা সমমানের ডিগ্রি; গ) এসএসসি (SSC) ও এইচএসসি (HSC) অথবা সমমানের পরীক্ষায় জিপিএ ৫ এর মধ্যে ন্যূনতম ৪.৫ অথবা প্রথম বিভাগ থাকিতে হইবে; ঘ) কোন স্বীকৃত জার্নালে ১৫টি প্রকাশনা, তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ৫টি প্রকাশনা থাকিতে হইবে। <u>অভিজ্ঞতা</u> : ক) পিএইচডি বা সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ১২ (বার) বৎসরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক পদে কমপক্ষে ৪ (চার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে; খ) পিএইচডি বা সমমানের ডিগ্রি না থাকিলে বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে ১৪ (চৌদ্দ) বৎসরের শিক্ষকতা এবং/অথবা গবেষণার অভিজ্ঞতা তন্মধ্যে সহযোগী অধ্যাপক পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। উপরোক্ত শর্তাবলীযুক্ত প্রার্থী পাওয়া না গেলে স্নাতক সম্মান শ্রেণীতে প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ-সহ মোট ৩ (তিন) টি প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ থাকিতে হইবে।
২.	উপ-পরীক্ষা নিয়ন্ত্রক ৳ ৪৩০০০-৬৯৮৫০/-	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে; খ) বয়সসীমা অনধিক ৪০ (চল্লিশ) বৎসর; গ) কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়। <u>অভিজ্ঞতা:</u> ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানে সহকারী রেজিস্ট্রার বা সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক অথবা সমমানের পদে অন্যূন পাঁচ বৎসর চাকুরীর অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয় পর্যায়ের প্রতিষ্ঠানে শিক্ষা বা পরীক্ষা ব্যবস্থাপনায় কমপক্ষে ১০ (দশ) বৎসর চাকুরীর অভিজ্ঞতা; খ) বাংলাদেশের বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রশাসনিক বা পরীক্ষা পদ্ধতি এবং ব্যবস্থাপনা সম্পর্কে সম্যক জ্ঞানসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
৩.	উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ৳ ৪৩০০০-৬৯৮৫০/-	ক) অর্থনীতি/পরিসংখ্যান/ব্যবসা প্রশাসন/বাণিজ্য/সমাজ বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি; খ) এসএসসি হইতে স্নাতকোত্তর পর্যন্ত শিক্ষাগত যোগ্যতায় যেকোন দুইটিতে ১ম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ থাকিতে হইবে; গ) কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়; ঘ) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। <u>অভিজ্ঞতা</u> : বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ডিগ্রি পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে কর্মকর্তা হিসাবে কমপক্ষে ৯ বৎসরের অভিজ্ঞতা; তন্মধ্যে বিশ্ববিদ্যালয়/খ্যাতিমান শিক্ষা প্রতিষ্ঠানে সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) পদে ৪ বৎসরের অভিজ্ঞতা অবশ্যই থাকিতে হইবে।
৪.	উপ-পরিচালক (অডিট) ৳ ৪৩০০০-৬৯৮৫০/-	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে বাণিজ্যে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি/এমবিএ; খ) এসএসসি হইতে স্নাতকোত্তর পর্যন্ত শিক্ষাগত যোগ্যতায় যেকোন দুইটিতে ১ম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ থাকিতে হইবে; গ) কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়। <u>অভিজ্ঞতা</u> : বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ডিগ্রি পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে হিসাব সংক্রান্ত কাজে কর্মকর্তা পদে কমপক্ষে ৯ বৎসরের অভিজ্ঞতা; তন্মধ্যে বিশ্ববিদ্যালয়/খ্যাতিমান শিক্ষা প্রতিষ্ঠানে সহকারী পরিচালক (হিসাব/অডিট)/সমমানের পদে ৪ বৎসরের অভিজ্ঞতা অবশ্যই থাকিতে হইবে।
৫.	সহকারী রেজিস্ট্রার ৳ ২৯০০০-৬৩৪১০/-	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে স্নাতকোত্তর ডিগ্রি; খ) এসএসসি হইতে স্নাতকোত্তর পর্যন্ত শিক্ষাগত যোগ্যতায় যেকোন দুইটিতে ১ম বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ থাকিতে হইবে; গ) কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়। <u>অভিজ্ঞতা</u> : বিশ্ববিদ্যালয় (সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান), ডিগ্রি পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে সেকশন অফিসার/সমমানের প্রশাসনিক পদে ৪ বৎসরের অভিজ্ঞতা অবশ্যই থাকিতে হইবে। অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে কোর্স ক্রেডিট সিস্টেমে স্নাতক/স্নাতকোত্তর শিক্ষা বিশেষ বিবেচনা পাইতে পারে।

১৯/১১/২০১৯
(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার